Ministry of Interior
Republic of Cyprus

# শোষণ ও মানব পাচারের শিকার হয়েছেন এমন ব্যক্তি-বর্গের জন্য গাইডবুক



এই গাইডবুকটি মানব পাচার রোধকল্পে
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়
বিভিন্ন বিভাগের যৌথ উদ্যোগে প্রণীত

Ministry of Interior
Republic of Cyprus

# শোষণ ও মানব পাচারের শিকার হয়েছেন এমন ব্যক্তি-বর্গের জন্য গাইডবুক

এই গাইডবুকটি মানব পাচার রোধকল্পে
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়
বিভিন্ন বিভাগের যৌথ উদ্যোগে প্রণীত

# সূচীপত্র

## সূচনা


মানব পাচার কি? ........ ৬
সম্ভাব্য মানব পাচারের আলামতগুলি কিভাবে আপনি সনাক্ত করবেন ........ ৬


## পার্ট – ১


**সনাক্তকরণ এবং কর্তৃপক্ষকে জানানোর প্রক্রিয়া** ........ ৮
প্রথমেই আপনার অধিকার সম্বন্দে সমাজ কল্যাণ সার্ভিস ও তথ্যাদির উদ্‌ধৃতি ........ ৮
সনাক্তকরণ প্রক্রিয়ার ব্যাপারে মানব পাচার প্রতিরোধে পুলিশ অফিসের উদ্‌ধৃতি ........ ৯
প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদিত সময়কাল ........ ১০
প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদিত সময়কাল কি? ........ ১১
মূল্যায়ন পদ্ধতি ........ ১২
আশ্রয়নের উদ্‌ধৃতি ........ ১২
যৌন নিপীড়নের স্বীকারদের জন্য রাষ্ট্রীয় আশ্রয় ........ ১৩
মনস্তাত্ত্বিক মূল্যায়ন এবং সহযোগিতা ........ ১৪
মূল্যায়ন ফলাফল ........ ১৪
সম্ভাব্য এবং নির্বাচিত ভিকটিমের অধিকার ........ ১৫
নির্বাচিত ভিকটিমগণের বাড়তি অধিকার সমূহ ........ ১৫


## পার্ট – ২


**সনাক্তকরণ প্রক্রিয়া** ........ ১৭
**ফৌজদারী কার্যক্রম** ........ ১৮
স্বাক্ষী সুরক্ষা পরিকল্পনা ........ ১৮
কোর্টের কার্যক্রম ........ ১৯
ফৌজদারী কার্যক্রম সম্পন্নকরন ........ ১৯

**গুরুত্বপূর্ণ বিষয়াদি** ........ ২০
ক। আবাসনের অনুমোদন ........ ২০
খ। চাকুরী/ কর্মমূখী প্রশিক্ষণ ........ ২০
গ। আর্থিক সহযোগিতা ........ ২১
ঘ। ক্ষয়-ক্ষতি – আইনী সহায়তা ........ ২১
ঙ। আন্তর্জাতিক সুরক্ষা/একই সাথে আশ্রয়প্রার্থী এবং মানব পাচারের স্বীকার হিসেবে আবেদন ........ ২১


## পার্ট – ৩


**বেসরকারি সংস্থাসমূহের (এনজিও) ভূমিকার ব্যাপারে বিস্তারিত** ........ ২২

## পার্ট – ৪


**যোগাযোগের ঠিকানা** ........ ২৩

ক। সংশ্লিষ্ট রাষ্ট্রীয় সার্ভিস সমূহ (স্থানীয় সরকার সহ) ........ ২৩

খ। বেসরকারি সংস্থাসমূহ ........ ২৪

গ। সাইপ্রাসে বিদেশী দূতাবাস এবং কনস্যুলেট সমূহ ........ ২৭

**প্রশ্ন – জবাব** ........ ২৮

# সুচনা

## মানব পাচার কি?

মানব পাচার হল কোন ব্যক্তি ̄বর্গ কিংবা সংঘবদ্ধ ব্যবসায়ী এবং পাচারকারীদের নেটওয়ার্ক দ্বারা একজন মানুষকে শোষণ করার উদ্দেশ্যে সংঘটিত অপরাধ। পাচারকার্য শুরু হয় মূলত কাউকে শোষনের উদ্দেশ্যে হুমকি, সহিংসতা, জবরদস্তি, অপহরণ, বিদ্বেষ, প্রতারণা বা ঠকানোর মাধ্যমে একজন মানুষকে নিয়োগদানের মধ্য দিয়ে তাকে পরিবহন, স্থানান্তর, গ্রহণ এবং আশ্রয় কিংবা থাকার জায়গা প্রদান করা।

শোষণের ধরন বিভিন্ন হয়ে থাকে যেমন পতিতাবৃত্তিতে বাধ্য করা, পর্নোগ্রাফি, ভিক্ষাবৃত্তি, বাধ্যতামূলক শ্রম বা অমানবিক পরিস্থিতিতে বিনা বেতনে বা খুব কম বেতনে শ্রম (যেমন কৃষি খাতে, পশুপালন, কারখানা, বয়স্কদের জন্য বাড়ি, হোটেল এবং রেস্তোরাঁ, এমনকি গার্হস্থ্য কাজেও), অপরাধ করতে বাধ্য করা (যেমন চুরি) অথবা গুরুতর কোন অপরাধ ঘটানো (যেমন মাদক পরিবহন), বিয়েতে বাধ্য করা, অঙ্গ অপসারণ, অবৈধ দত্তক গ্রহণ ইত্যাদি।

## সম্ভাব্য মানব পাচারের আলামতগুলি কিভাবে আপনি সনাক্ত করবেন?

### আপনি কি নিম্নলিখিত প্রশ্নগুলির সাথে কোন সম্পৃক্ততা খুজে পান?

১। আপনাকে কি একটি নির্দিষ্ট ধরণের শ্রমের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে কিন্তু সম্পুর্ণরুপে ভিন্ন কোন কাজ করতে বাধ্য করা হয়েছে?
২। আপনাকে কি আপনার ব্যক্তিগত নথি (যেমন আইডি কার্ড, পাসপোর্ট) সমর্পণ করতে হয়েছে?
৩। আপনি কি আপনার কাজের জন্য প্রতিশ্রুত মজুরির চেয়ে কম বেতন পাচ্ছেন?
৪। আপনাকে কি খরচের কভার ছাড়া অন্য দেশে ভ্রমণ করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে?
৫। আপনার সাথে কি খারাপ ব্যবহার করা হচ্ছে বা মানসিকভাবে নির্যাতন করা হচ্ছে?
৬। আপনি কি অবাধে চলাফেরা করতে বাধা পাচ্ছেন?
৭। আপনাকে কি ভিক্ষা, চুরি বা পতিতা করতে বাধ্য করা হয়েছে?
৮। আপনাকে কিংবা আপনার পরিবারকে কি হুমকি দেওয়া হচ্ছে?

## মনে রাখবেন যে নিম্নোক্ত আচরণগুলি মানব পাচারকে নির্দেশ করতে পারে:

- একজন ব্যক্তি আপনাকে কাজের প্রস্তাব দেয়, কিন্তু সে সম্পর্কে আপনাকে কোনো তথ্য দেয় না, যেমন নিয়োগকর্তার ঠিকানা বা নাম (বা আপনাকে খুব কম তথ্য দেয় এবং বিভ্রান্তিকর তথ্য দেয়)
- কেউ যদি আপনাকে তৎক্ষণাৎ সিদ্ধান্ত নিতে বাধ্য করে যে আপনি চাকরি গ্রহণ করবেন কি না
- কেউ যদি আপনাকে মৌখিক চুক্তি কিংবা এমন কোন চুক্তির ভিত্তিতে কাজ করার প্রস্তাব দিচ্ছেন যা আপনি বুঝতে পারেন না
- কেউ যদি আপনাকে বিনামূল্যে ভ্রমণ এবং বাসস্থানের প্রস্তাব দেন (যেমন- কাজের সাথে সংশ্লিষ্ট)
- কেউ যদি আপনাকে আপনার জন্য সবকিছুর ব্যবস্থা করে দেয়ার কথা বলে আপনার ব্যক্তিগত কাগজপত্র দিতে বলে (চাকরি সাথে সম্পর্কিত)

## পাচারকারী/অপরাধী প্রায়শই যা করে থাকেন:

- আপনাকে আপনার ইচ্ছার বিরুদ্ধে কাজ করতে বাধ্য করে;
- আপনাকে শারীরিক বা মানসিকভাবে নির্যাতন করে;
- আপনার ব্যক্তিগত স্বাধীনতা সীমিত করে এবং আপনার গতিবিধি নিয়ন্ত্রণ করে;
- আপনাকে প্রতিশ্রুত অর্থ বা মজুরি প্রদান করে না;
- আপনাকে আপনার বন্ধু এবং পরিবারের সাথে যোগাযোগ করতে বা দেখতে দেয় না (যেমন- আপনার ফোন, পিসি, ট্যাবলেট কেড়ে নেয় ইত্যাদি);
- তত্ত্বাবধান করে এবং বিভিন্ন পাবলিক সার্ভিসে আপনার সাথে থাকে এবং সাধারণত আপনাকে কথা বলার অনুমতি দেয় না;
- আপনাকে আপনার থাকার জায়গা বা কাজের জায়গা ছেড়ে যেতে দেয় না;
- আপনার ভ্রমণ এবং ব্যক্তিগত নথি তার কাছে রেখে দেয়।

**আপনি যদি মনে করেন যে উপরের কোন একটি ঘটনা ঘটছে,**
**তবে এখনই বিনামূল্যে কল করুন 1497**
**অথবা সমাজকল্যাণ পরিষেবার VOHTSupport@sws.dmsw.gov.cy**
**এ ইমেল পাঠান।**

# পার্ট - ১

## সনাক্তকরণ এবং কর্তৃপক্ষকে জানানোর প্রক্রিয়া

আপনি যদি মনে করেন যে আপনি ভিকটিমের শিকার হয়েছেন কিংবা যদি কোন পরিষেবা বা কোন বেসরকারি সংস্থা (এনজিও) যদি মনে করে যে আপনি মানব পাচার এবং/অথবা শোষণের শিকার হয়েছেন এমন যুক্তিসঙ্গত কারণ রয়েছে তবে সেক্ষেত্রে সেই পরিষেবা কিংবা এনজিও আপনাকে সামাজিক কল্যাণ পরিষেবার কাছে পাঠাবে।

আপনি যে পাচার এবং শোষণের শিকার হয়েছেন তা আপনার দ্বারা অবহিত হওয়ার পরে - এবং/ অথবা অন্য কোনও পরিষেবা বা এনজিও র দ্বারা এমনটা জানানোর পরিপ্রেক্ষিতে সমাজ কর্মীগণ আপনাকে আপনার প্রয়োজনীয় ব্যক্তিগত বিবরণ জানতে চাইবেন, আপনি যে ভাষা বুঝেন সেই ভাষায় আপনাকে আপনার অধিকার সম্পর্কে অবহিত করবেন এবং প্রয়োজন হলে তা কোন দোভাষী নিয়োগদানের মাধ্যমে তারা আপনাকে উপযুক্ত পুলিশ অফিসে পাঠাবেন যেখানে আপনি পাচারের শিকার হয়েছেন কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে (নীচে মূল্যায়ন পদ্ধতি দেখুন)।

এমন হতে পারে যে পুলিশের অভিযানের পর আপনাকে থানায় নিয়ে যাওয়া হতে পারে বা আপনাকে অবৈধ অবস্থান ও কাজের জন্য গ্রেপ্তার করা হতে পারে। পুলিশ অফিসাররা আপনাকে বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করবে যার উত্তর আপনার না দেওয়ার অধিকার আছে। কিন্তু আপনি যদি মনে করেন যে, আপনি আপনার নিয়োগকর্তা বা অন্য কারো দ্বারা শোষিত হয়েছেন, সেক্ষেত্রে আমরা আপনাকে পরামর্শ দিচ্ছি যে, এ ব্যাপারে রিপোর্ট করুন কেননা কেবল মাত্র সেক্ষেত্রেই আপনি শোষিত হয়েছেন কিনা পুলিশ তা যাচাই করতে সক্ষম হবে এবং আপনাকে সহায়তা করবে।

**সর্বদা মনে রাখবেন যে, সমাজকর্মী এবং পুলিশ অফিসাররা উভয়েই যারা আপনার সাক্ষাতকার নেবেন তারা আপনার পাশে থাকবেন। তারা আপনাকে সাহায্য করবেন এবং সহায়তা দিবেন।**

## প্রথমেই আপনার অধিকার সম্বন্দে সমাজ কল্যাণ সার্ভিস ও তথ্যাদির উদ্ধৃতি

সামাজিক কল্যাণ পরিষেবাগুলি হল প্রথম পরিষেবা যা আপনাকে অবিলম্বে সহায়তা প্রদান করবে এবং আপনার অধিকার সম্পর্কে আপনাকে অবহিত করবে।

অবহিত করার পরে, সামাজিক কল্যাণ পরিষেবাগুলি আপনি যেখানে আছেন সেখানে আসবেন কিংবা কোন নিরাপদ স্থানে আপনার সাথে একটি বৈঠকের ব্যবস্থা করবেন আপনি যে ভাষা বুঝেন প্রয়োজন হলে একজন দোভাষী নিয়োগের মাধ্যমে সে ভাষায় নিম্নলিখিত বিষয়গুলি আপনাকে অবহিত করবেন:

- রাষ্ট্রীয় পরিষেবা এবং এনজিওগুলির নাম, ঠিকানা এবং ফোন নম্বর যাদের সহায়তার জন্য আপনি আবেদন করতে পারবেন;
  আপনি যে ধরনের সহায়তা পেতে পারেন তার ধারনা (যেমন- পরামর্শমূলক নির্দেশিকা, আর্থিক সহায়তা যদি আপনার কোন সম্পদ না তাকে, বিনামূল্যে স্বাস্থ্যসেবা, বিনামূল্যে আইনি বা অন্য কোনো কোন ব্যবস্থা, উপদেশ, ইত্যাদি) এবং প্রতিকার গ্রহণের সময়কাল এবং নির্বাসন থেকে আপনার সুরক্ষা সম্পর্কিত তথ্য;
- আপনি যে মানব পাচারের শিকার হয়েছেন তা যাচাইকরনের প্রক্রিয়া এবং কিভাবে অপরাধীদের বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ দায়ের করা যায় সে সম্পর্কিত সকল তথ্যাদি;
- আপনার সুরক্ষা এবং নিরাপত্তার অধিকার;
- আপনার আইনী পরামর্শ পাওয়ার এবং একজন আইনজীবীর দ্বারা প্রতিনিধিত্ব করার অধিকার;
- আপনি যদি যৌন শোষণের শিকার কোন মহিলা হয়ে থাকেন তবে চার (৪) সপ্তাহ পর্যন্ত যৌন শোষণের শিকার নারীদের জন্য রাষ্ট্রীয় আশ্রয় কেন্দ্রে থাকার অধিকার;
- আপনি যদি আপনার নিজ দেশে কোন জাতিগত, ধর্মীয়, রাজনৈতিক কারণে ঝুঁকিতে থাকেন কিংবা আপনি যদি নির্দিষ্ট কোন সামাজিক গোষ্ঠীর সদস্য হয়ে থাকেন, তবে সেক্ষেত্রে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন করার অধিকার
- যদি আপনার অর্থের প্রয়োজন হয়, আপনার মৌলিক চাহিদা পূরণের জন্য জরুরি আর্থিক সহায়তাদানের সম্ভাব্যতার ব্যাপারে;

এরপরে, সমাজ কল্যাণ সার্ভিসগুলি পুলিশকে অবহিত করবেন, যারা আপনাকে পাচারের শিকার হিসাবে সরকারীভাবে শনাক্তকরণের জন্য নিয়োজিত উপযুক্ত কর্তৃপক্ষ।

## সনাক্তকরণ প্রক্রিয়ার ব্যাপারে মানব পাচার প্রতিরোধে পুলিশ অফিসের রেফারেল

মানব পাচার এবং ব্যক্তিদের শোষণ প্রতিরোধ ও নিরোধ এবং ভিকটিমদের সুরক্ষা আইন অনুসারে পুলিশ, বিশেষ করে মানব পাচার প্রতিরোধ কার্যালয় হচ্ছে মানব পাচারের শিকার ব্যক্তিবর্গকে যাচাই করার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ।

**পুলিশের প্রধান কাজ হলো আপনাকে উদ্ধার করা, আপনার শারীরিক ও মানসিক নিরাপত্তা এবং সহযোগিতা নিশ্চিত করা, আপনার অধিকার রক্ষা করা এবং আপনাকে এই অধিকারগুলিতে প্রবেশের সুযোগ প্রদান করা।**

সনাক্তকরণ প্রক্রিয়া চলাকালীন, পুলিশ আপনাকে নিম্নলিখিত পদক্ষেপগুলির পাশাপাশি আপনার অধিকারগুলির ব্যাপারে আপনাকে জানাতে বাধ্য:

- ফৌজদারি কার্যধারার বিষয়ে আপনি কি ধরনের সহায়তা পাওয়ার অধিকারী;
- কোথায় এবং কিভাবে আপনি অপরাধীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে পারবেন;
- অভিযোগ দায়ের করার পরবর্তী পদ্ধতি এবং এই সকল পদ্ধতির প্রেক্ষাপটে একজন ভিকটিম হিসেবে আপনার ভূমিকা;
- কিভাবে এবং কোন শর্তে আপনি সুরক্ষা উপভোগ করতে পারবেন;
- কি পরিমাণে এবং কোন শর্তে আপনি নিচের বিষয়গুলিতে প্রবেশাধিকার পাবেন:
    I. আইনি পরামর্শ;
    II. আইনগত সহায়তা;
    III. অন্য কোন ধরনের পরামর্শ।

ক্রমিক নং ১ ও ২ এর ক্ষেত্রে, আপনাকে আপনার ক্ষতিপূরণ পাওয়ার অধিকার সম্পর্কেও অবহিত করা হবে। আপনি যদি অন্য দেশে থাকেন, তাহলে আপনার স্বার্থ রক্ষার জন্য বিদ্যমান ব্যবস্থা সম্পর্কেও আপনাকে অবহিত করা হবে।

## প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদিত সময়কাল

পুলিশ অবিলম্বেই নিশ্চিত করবেন যে, আপনাকে একটি "প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য সময়কাল" অনুমোদন করা হয়েছে, এটা মূলত অপরাধীদের বিচারের জন্য প্রসিকিউটিং কর্তৃপক্ষকে আপনি সহযোগিতা করতে চান কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের সময়।

সাইপ্রাসে যদি আপনার বসবাসের অনুমতি না থাকে, তবে সেক্ষেত্রে পুলিশ সিভিল রেজিস্ট্রি এবং মাইগ্রেশন ডিপার্টমেন্টকে অবহিত করবে আপনাকে রেসিডেন্স পারমিট দেওয়ার জন্য, যার বৈধতার সময়কাল হবে এক মাস, এটা হচ্ছে প্রতিকার ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে সময়কাল, যেখানে নবায়নের সুযোগ আছে।

## প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য

একবার আপনি পুলিশের সাথে সম্পৃক্ত হলে (হতে পারে সেটা পুলিশ অভিযানের মাধ্যমে আপনাকে পাওয়া গেছে কিংবা আপনার বিষয়টি সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিসের দ্বারা পুলিশকে রেফার করা হয়েছে বলে), আপনাকে অবশ্যই জেনে রাখতে হবে যে প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য আপনার একটি নির্দিষ্ট সময়কাল পাওয়ার অধিকার আছে এই ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার যে, যারা আপনাকে শোষণ করেছে তাদের বিচারের জন্য আপনি কর্তপক্ষকে সহযোগিতা করতে চান কিনা।

এই সময়কালকে "প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কাল" বলা হয় এবং সঠিকভাবে পরবর্তী পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে এটাকে আপনি কাজে লাগাতে পারেন। যারা আপনার শোষণে অংশ নিয়েছিল তাদের সম্পর্কে তথ্য দিতে কেউউ আপনাকে বাধ্য করবে না। সবচেয়ে বড় কথা হলো কৃর্তপক্ষের সাথে সহযোগিতা না করলে আপনাকে শাস্তি দেওয়া হবে আপনি এমনটা চিন্তা করবেন না।

এই পদ্ধতির উদ্দেশ্য হল আপনি আসলে কি করতে চান সে ব্যাপারে পরিষ্কারভাবে চিন্তা করার সময় দেয়া যা আপনি স্বাধীনভাবে করতে পারবেন, যেখানে অপরাধীদের হুমকিমূলক কোন আঘাতের অভিজ্ঞতা আপনাকে প্রভাবিত করবে না।

আইন অনুসারে, প্রতিকার গ্রহণের সময়কালের প্রাথমিক মেয়াদ এক মাস, যা বাড়ানোর সম্ভাবনা থাকে। আপনার বয়স ১৮ বছরের কম হলে প্রতিকার গ্রহণের সময়কাল হচ্ছে দুই মাস যার মেয়াদ বাড়ানোর সম্ভাবনা রয়েছে। সাইপ্রাসে থাকার জন্য আপনার কাছে যদি কোন ডকুমেন্ট না থাকে এবং ইতিমধ্যেই যদি আপনার বিরুদ্ধে নির্বাসনের আদেশ জারি করা হয়ে থাকে, তবে এই আদেশটি স্থগিত হয়ে যায়।

পুলিশ আপনার সুরক্ষা এবং নিরাপত্তা নিশ্চিত করবে। এই সময়ের মধ্যে, আপনার কাছে যদি কোনো অর্থ না থাকে, তাহলে রাষ্ট্র আপনাকে উপযুক্ত জীবনযাপন এবং প্রয়োজনের ক্ষেত্রে আপনাকে জরুরি চিকিৎসা ও ঔষদ প্রদান করবে।

**সর্বশেষে, প্রতিকার গ্রহণের মেয়াদকাল সম্পর্কে নিম্নের যে বিষয়গুলি আপনার যা জানা উচিত:**

প্রথম: প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কাল স্বয়ংক্রিয়ভাবে আপনাকে সাইপ্রাসে থাকার অধিকার দেয় না। কেবল অপরাধীদের বিচারের জন্য কর্তৃপক্ষকে সহযোগিতা করার সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রেই আপনাকে একটি অস্থায়ী বসবাসের অনুমতি দেওয়া হবে।

দ্বিতীয়ত: প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কালের প্রযোজ্যতা বন্ধ হয়ে যায় যদি পুলিশ দেখতে পায় যে আপনি নিজের ইচ্ছায় অপরাধীদের সাথে পুনরায় যোগ দিয়েছেন, কিংবা যদি এমনটা মনে হয় যে জনশৃঙ্খলা ও নিরাপত্তার উদ্দেশ্যে এটা করা প্রয়োজন তবে সেক্ষেত্রে প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কালের আর কোন প্রযোজ্যতা থাকে না।

তৃতীয়ত: প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কালের জন্য মানব পাচারের শিকার হয়েছেন এমন চিহ্নিত ব্যক্তিদের মতোই আপনি একই অধিকার ভোগ করবেন (আবাসনের অনুমতি, শ্রম বাজারে অবাধ প্রবেশাধিকার এবং পেশাদার প্রশিক্ষণ কর্মসূচিতে যোগদানের সুযোগ ছাড়া)।

## মূল্যায়ন পদ্ধতি

সাক্ষাতকারগুলি সেই সকল পরিকল্পিত স্থানে পরিচালিত হয় যা এ উদ্দেশ্যেই নির্দিষ্ট করা হয়েছে, যা আপনার জন্য বন্ধুত্বপূর্ণ, যা আপনার জন্য আরামদায়ক এবং নিরাপদ মনে হতে পারে।

সাক্ষাত্কারের সময় আপনার পাশে একজন দোভাষীকে থাকার অধিকার রয়েছে৷

প্রয়োজনে, আপনি রাষ্ট্রীয় আশ্রয় কেন্দ্রে থাকবেন যাতে আপনার সুরক্ষা নিশ্চিত করা যায়।

মূল্যায়নের জন্য প্রয়োজনীয় সময় পূর্বনির্ধারিত নয়, তবে পুলিশ যত তাড়াতাড়ি সম্ভব প্রক্রিয়াটি সম্পূর্ণ করার চেষ্টা করবে। এই প্রক্রিয়া চলাকালীন, আপনি সোশ্যাল ওয়ার্কার দ্বারা তথ্য এবং সহযোগিতা পেতে পারেন সেইসাথে আপনার ক্ষেত্রে নিযুক্ত একজন মনোবিজ্ঞানীর দ্বারা মনস্তাত্ত্বিক সহায়তা পেতে পারেন।

**বিচারকারী কর্তৃপক্ষকে আপনার সহযোগিতা করা এবং  সাক্ষ্য প্রদান করা গুরুত্বপূর্ণ কারণ:**

**(ক)** এটি অপরাধীদের বিচারের জন্য প্রমাণ হিসাবে কাজ করবে;
**(খ)** এটি পুলিশকে এমন ব্যক্তিদের বিচারের জন্য তথ্য সরবরাহ করবে যাদেরকে এখনও খুজে পাওয়া যায়নি;
**(গ)** এটি অপরাধীদের দোষী সাব্যস্ত করার এবং আপনার জন্য ন্যায়বিচারের প্রমাণ হিসাবে কাজ করবে।.

আপনি যখন **বিচারকারী কর্তৃপক্ষকে সহযোগিতা করার** সিদ্ধান্ত নেবেন, তখন ততদিন পর্যন্ত আপনার **সাইপ্রাসে থাকার অধিকার** থাকবে যতদিন বিচারকার্য চলমান থাকবে, আপনি আপনার সমস্ত অধিকার ভোগ করতে থাকবেন।.

## আশ্রয়নের সুপারিশ

ঝুঁকি মূল্যায়ন করার পর, যদি এমনটা মনে হয় যে, আপনার জন্য নিরাপত্তা, সুরক্ষা এবং সহযোগিতার প্রয়োজন, তবে সেক্ষেত্রে আপনাকে যাচাইকরন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত সময়কালের জন্য পুলিশ আপনাকে সরকারি আশ্রয় কেন্দ্রে বা অন্য কোন আশ্রয় কেন্দ্রে পাঠাতে পারে। এই পদ্ধতিটি সমাজ কল্যাণ সেবা কর্মীগণের সাথে পরামর্শ এবং সহযোগিতার মাধ্যমে পরিচালিত হয়ে থাকে।

## যৌন নিপীড়নের স্বীকারদের জন্য রাষ্ট্রীয় আশ্রয়

আপনি যদি একজন মহিলা হন এবং সম্ভাব্য পাচারের শিকার হন অথবা পুলিশ যদি আপনাকে যৌন শোষণের শিকার হিসাবে চিহ্নিত করে থাকেন, তাহলে যৌন শোষণের শিকারদের জন্য রাষ্ট্রীয় আশ্রয়কেন্দ্রে অস্থায়ীভাবে আপনার থাকার অধিকার আছে। এই আশ্রয়কেন্দ্র হচ্ছে নিরাপদ আবাসনের জায়গা, যা সামাজিক কল্যাণ পরিষেবা দ্বারা পরিচালিত হয়, যেখানে কেবল যৌন শোষণের শিকার নারীদেরকেই রাখা হয়।

এই আশ্রয়স্থল আপনাকে সুরক্ষা এবং নিরাপত্তা প্রদান করতে পারে, যা আপনার পূর্ববর্তী বসবাসের পরিবেশ এবং শোষণের নাগালের বাইরে। আশ্রয়কেন্দ্রে থাকাকালীন সময়ে ধীরে ধীরে আপনি নিজেকে শান্ত এবং নিরাপদ বোধ করবেন এবং সমাজ কল্যাণ অফিসার এবং অন্যান্য উপযুক্ত পরিষেবা এবং এনজিওগুলিকে সহযোগিতা করার জন্য সময় পাবেন যাতে করে সমাজে আপনাকে সম্ভাব্য সর্বোত্তম উপায়ে পূর্নবাসনে সহায়তা এবং প্রস্তুতি গ্রহণ করা যায়।

### থাকার মেয়াদকাল

আশ্রয় কেন্দ্রে আপনার থাকার সময়কাল চার (৪) সপ্তাহের বেশি নয়। আপনার থাকার প্রতিটি সপ্তাহ অনুমোদন করা হয় যাতে করে আপনি:

- নিরাপদ বোধ করেন;
- আপনার শক্তি পুনরুদ্ধার হয়;
- আপনার চাহিদা পূরণের জন্য তাৎক্ষণিক সাহায্য পান;
- সমাজে আপনার পুনর্বাসন এবং পুনঃসংযোগের জন্য সক্ষম হন।

### আশ্রয় কেন্দ্রে থাকাকালীন সময়ে আপনি যে সকল সুবিধা পাবেন:

- বিনামূল্যে ছাদ এবং খাবার;
- প্রয়োজনের ক্ষেত্রে কাপড়;
- ব্যক্তিগত প্রয়োজন মেটানোর জন্য অর্থ;
- আপনি আশ্রয় ত্যাগ করার পর সমাজে উঠতে সক্ষমতা অর্জনের লক্ষ্যে সমাজ কল্যাণ
- অফিসারের সাহায্য ও সহযোগিতা;
- সঙ্গীত, রান্না এবং বোর্ড গেমের মতো বিনোদনমূলক কার্যকলাপে অংশগ্রহণ;
- গ্রীক বা ইংরেজি পাঠ এবং কম্পিউটার পাঠে অংশগ্রহণ।

### আশ্রয়কেন্দ্রে গমন

শেল্টারটি ২৪/৭ কাজ করে থাকে এব এটি চলাকালীন আপনি যে কোন সময় যেতে পারেন। এখানে ভর্তি হওয়ার ব্যাপারে একজন দোভাষী নিয়োগের মাধ্যমে আপনি যে ভাষায় বুঝেন এমন একটি ভাষায় সমাজ কল্যাণ অফিসার আপনাকে সেই প্রক্রিয়া তা পরিচালন পদ্ধতি এবং নিয়ম নীতি জানিয়ে দিবেন যাতে আপনি সিদ্ধান্ত নিতে পারেন, যে আপনি তা চান কিনা। **আশ্রয় কেন্দ্রে গমনের বিষয়টি আপনার ইচ্ছার উপর নির্ভরশীল।**

পুলিশ বা সমাজকল্যাণ পরিষেবাগুলি আশ্রয়কেন্দ্রে আপনাকে নিয়ে থাকেন যাতে করে আপনার জন্য পরিবহন ব্যয় বোঝা হয়ে না দাড়ায় এবং সেই সাথে আশ্রয়ের ঠিকানাও জনসাধারণের কাছে গোপনীয় রাখা নিশ্চিত করা হয়।

## মনস্তাত্ত্বিক মূল্যায়ন এবং সহযোগতা

প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময় কালে, আপনি যখন সিদ্ধান্ত নিচ্ছেন যে আপনি বিচারিক কর্তৃপক্ষকে সহযোগিতা করবেন কিনা সে ব্যাপারে পুলিশ আপনার মানসিক মূল্যায়ন এবং সহায়তার জন্য আপনাকে মানসিক স্বাস্থ্য পরিষেবা দেয়ার বিষয়টি নিশ্চিত করবেন। এই মূল্যায়ন আপনার ভবিষ্যত ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি মৌলিক উপাদান হবে। চিহ্নিত ভিকটিমগণের ক্ষেত্রে এবং ফৌজদারি বিচারের ক্ষেত্রে এটি হয়ে থাকবে একটি প্রধান বৈজ্ঞানিক প্রমাণক।

## মূল্যায়ন ফলাফল

মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন হলে আপনি পাচারের শিকার হিসেবে স্বীকৃত হয়েছেন কিনা তা পুলিশ আপনাকে জানাবে। যদি তাই হয়, তবে সেক্ষেত্রে আপনার নিম্নলিখিত অধিকারগুলিতে প্রবেশাধিকার রয়েছে:

## সম্ভাব্য এবং নির্বাচিত ভিকটিমের অধিকার

- রাষ্ট্র এবং অন্যান্য বেসরকারী সংস্থা দ্বারা সহযোগিতা, উদাহরণস্বরূপ:
  - উপদেশমুলক নির্দেশিকা,
  - আপনার যদি কোন সম্পদ না থাকে তবে সেক্ষেত্রে আর্থিক সহায়তা,
  - বিনামূল্যে জরুরী চিকিৎসা ও ফার্মাসিউটিক্যাল কেয়ার,
  - বিনামূল্যে জরুরী মানসিক সহায়তা,
  - দোভাষী এবং অনুবাদ,
  - প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কাল (উপরে দেখুন),
  - বিনামূল্যে আইনি বা অন্যান্য পরামর্শের ব্যবস্থা,
- যেখানে প্রয়োজন পুলিশি সুরক্ষা,
- নির্বাসন থেকে সুরক্ষা,
- প্রয়োজনবোধে রাষ্ট্রীয় আশ্রয়কেন্দ্রে থাকার ব্যবস্থা,
- অপ্রাপ্তবয়স্কদের জন্য শিক্ষার সুযোগ,
- আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন জমা দেওয়ার অধিকার

## নির্বাচিত ভিকটিমগণের বাড়তি অধিকার সমূহ

- ফৌজদারী কার্য়ক্রমে অংশগ্রহণের উদ্দেশ্যে একটি আবাসিক পারমিট ইস্যু করা,
- সাক্ষী সুরক্ষা প্রকল্পে অন্তর্ভুক্তি, যেখানে প্রয়োজন,
- বিনামূল্যে চিকিৎসা সেবা,
- বিনামূল্যে মনস্তাত্ত্বিক সহায়তা,
- কর্মসংস্থান উপদেষ্টা পরিষেবা,
- পেশাদার প্রশিক্ষণ, যেখানে প্রযোজ্য,
- শ্রম বাজারে অবাধ প্রবেশাধিকার,
- ক্ষতিপূরণ দাবি করার জন্য বিনামূল্যে একজন আইনজীবীর প্রতিনিধিত্ব।

**আপনি যদি পাচারের শিকার হিসাবে চিহ্নিত না হন, তাহলে যে বিষয়গুলো অবশ্যই আপনাকে হবে**

আপনি যদি সাইপ্রাসে বৈধভাবে এসে থাকেন এবং এখানে যদি আপনার থাকা বৈধ হয়, তবে আপনার বর্তমান আবাসিক স্ট্যাটাস প্রযোজ্যতা অব্যাহত থাকবে (যদি না আপনি এমন কোনো অপরাধ করে থাকেন যার ফলে আপনার বসবাসের পারমিট প্রত্যাহার হয়);

- যদি আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করে থাকেন এবং আপনার আবেদন যদি উপযুক্ত পরিষেবা দ্বারা যাচাই কার্য চলমান থাকে, তবে তা শেষ না হওয়া পর্যন্ত আপনার থাকার অধিকার থাকবে;
- যদি আপনার ইতিমধ্যেই একটি আন্তর্জাতিক সুরক্ষা স্ট্যাটাস থাকে তাহলে সে মর্যাদায় আপনি আপনার থাকার অধিকার উপভোগ করতে থাকবেন;
- আপনি যদি সাইপ্রাসে বৈধভাবে না এসে থাকেন বা আপনার অবস্থান যদি বেআইনি হয়, তাহলে আপনার
- নির্বাসন প্রক্রিয়া চলমান থাকবে। এছাড়াও, আপনার নাম অবাঞ্চিতদের তালিকায় অন্তর্ভূক্ত করা হবে এবং এতে করে আপনি পরবর্তী কয়েক বছর ধরে সাইপ্রাসে ফিরে আসতে পারবেন না;
- আপনার নির্দিষ্ট কিছু অবস্থার উপর নির্ভর করে মানবিক কারণে বা অন্য কোন গুরুতর কারণে আপনাকে একটি অস্থায়ী আবাসন পারমিট মঞ্জুর করা যায় কিনা তা যাচাই করে দেখা হবে।

# পার্ট -২

## সনাক্তকরণ প্রক্রিয়া

মানব পাচারের শিকার হিসাবে সনাক্তকরণের পদ্ধতিটি মানব পাচার প্রতিরোধ পুলিশ অফিসের দায়িত্ব এবং এটি ভিকটিমদের সাথে পর্যায়ক্রমে পরিচালিত ব্যক্তিগত সাক্ষ্যতকারের মাধ্যমে অর্জন করা হয়। কিছু ক্ষেত্রে এটি একটি দীর্ঘ প্রক্রিয়া। সাক্ষাতকারগুলি সাধারণত নির্দিষ্ট কিছু প্রাঙ্গনে হয়ে থাকে যা চিহ্নিত কিংবা সম্ভাব্য ভিকটিমগণের সাক্ষাত্কার এবং জবানবন্দির জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়। এসকল প্রাঙ্গন বুন্ধত্বপূর্ণ এবং এটা আপনাকে আরামদায়ক এবং নিরাপত্তার অনুভূতি দিয়ে থাকবে।

ভিকটিম হিসেবে আপনাকে স্বীকৃতি প্রদানের পরপরই, মানব পাচার প্রতিরোধ অফিস সমস্ত উপযুক্ত পরিষেবাগুলিকে অবহিত করবে। আপনি যদি সাইপ্রাস প্রজাতন্ত্রের নাগরিক না হন, সেক্ষেত্রে অফিস আপনার পক্ষে প্রযোজ্য ক্ষেত্রে প্রজাতন্ত্রে বসবাসের অনুমতির জন্য আবেদন করবে। অন্যথায়, প্রজাতন্ত্রে আপনার থাকার প্রয়োজন না হলে অফিস আপনার প্রত্যাবাসনের উদ্দেশ্যে একটি পৃথক মূল্যায়ন পরিচালনা করবে।

যদি সাক্ষাত্কার থেকে এমনটা নিশ্চিত করা না হয় যে আপনি মানব পাচারের শিকার হয়েছেন, কিন্তু আপনার বিরুদ্ধে অন্যান্য অপরাধ সংঘটিত হতে পারে বা আপনার অন্য ধরনের সহায়তার প্রয়োজন হয়, তাহলে আপনাকে উপযুক্ত পরিষেবার জন্য সুপারিশ করা হবে।

একজন ভিকটিম হিসাবে আপনাকে স্বীকৃতিদানের পরে, মানব পাচার প্রতিরোধের অফিস আপনাকে সনাক্তকরণের একটি সনদপত্র প্রদান করবে, প্রাথমিকভাবে এক মাসের জন্য, নবায়ন করার সম্ভাবনা সহ, যাতে করে আপনাকে আপনার অধিকারগুলি পাওয়ার সুযোগ থাকে।

সম্ভাব্য এবং স্বীকৃত পাচারের শিকার ব্যক্তিদের সবচেয়ে কার্যকর এবং উপযুক্ত চিকিৎসার জন্য মানব পাচার প্রতিরোধের কার্যালয় দ্বারা অনুসরণ করা পদ্ধতিগুলি ছাড়াও অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য পরিসেবা ছাড়াও শিশুদের সর্বোত্তম স্বার্থে এবং পুনরায় ভিকটিমের শিকার হওয়া থেকে সুরক্ষার্থে আরও বিশেষ চিকিৎসা প্রয়োজন।

- ভিকটিম যদি একজন শিশু বা সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্ক হয় ,তবে পুলিশ সর্বদাই তার বৈধ অভিভাবকের উপস্থিতিতে তার সাক্ষাত্কার পরিচালনা করবে, যা বেশিরভাগ ক্ষেত্রে হয়ে থাকে সমাজকল্যাণ পরিষেবা।
- এই বিবৃতিটি দক্ষ কর্মীদের দ্বারা ভিডিওতে রেকর্ড করা হবে।

# ফৌজদারী কার্যক্রম

আপনি যখন পুলিশকে সহযোগিতা করবেন এবং একটি লিখিত বিবৃতি দেবেন, তখন অপরাধীদের বিচারের জন্য একটি তদন্ত শুরু হবে। যতক্ষণ না এটি পুলিশ তদন্তের ক্ষেত্রে হস্তক্ষেপ মূলক না হয় ততক্ষণ পর্যন্ত এই প্রক্রিয়া এবং তদন্তের পদ্ধতি সম্পর্কে আপনাকে অবহিত করা হবে।

**অপরাধীদের কার্যকর বিচার, শুনানি এবং শাস্তির জন্য, আপনার নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে সচেতন হওয়া গুরুত্বপূর্ণ:**

- বিবৃতি প্রদানের জন্য আপনার আপনার একজন দোভাষী পাওয়ার অধিকার আছে  আপনার যদি কিছুটা গ্রীক বা ইংরেজি জ্ঞান থাকে কিন্তু তারপরও আপনি যদি নিশ্চিত না হন যে, আপনি সবকিছু বুঝতে পারবেন বা আপনি যা কিছু বলবেন তা সঠিক হবে তবে সেক্ষেত্রে আপনি একজন দোভাষী চাইতে পারেন।
- পুলিশকে তথ্য দেওয়ার সময় আপনাকে অবশ্যই মনে রাখতে হবে যে যা কিছু ঘটেছে সে ব্যাপারে কেবল আপনারই অভিজ্ঞতা আছে। অতএব  শুধুমাত্র আপনই সম্পূর্ণ সত্যিটা জানেন। পুলিশ এবং পরবর্তীতে আদালত কিন্তু ঘটনাটি জানে না; অতএব, আপনাকে অবশ্যই সবকিছু শুরু থেকে জানাতে হবে, যা বলাটা গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করেন তা থেকে কিছু কিছু করে বলা যাবে না।
- শুধুমাত্র যে ঘটনার ব্যাপারে আপনি নিশ্চিত কেবল মাত্র সেটিই রিপোর্ট করুন। আপনি হয়তো এমন কিছু ঘটনা রিপোর্ট করতে পারেন যা আপনি নিশ্চিত নন,তবে সেক্ষেত্রে অবশ্যই সে ব্যাপারে আপনি যে নিশ্চিত নন তাও জানাতে হবে। দুষ্কৃতিকারীদেরকে খুজে পেতে কিংবা গুরুত্বপূর্ণ কোন আলামত খুজে পেতে পুলিশ আপনার জানা সামান্য তথ্যকেও কাজে লাগাতে পারে।

## স্বাক্ষী সুরক্ষা পরিকল্পনা

যদি আপনি সত্যিকারের বিপদে পড়ে থাকেন, তবে আপনি অ্যাটর্নি-জেনারেলের সিদ্ধান্তের ভিত্তিতে এবং যতক্ষণ আপনি সম্মত থাকবেন  আপনার সুরক্ষার জন্য আপনি প্রটেকশন অফ উইটনেস অ্যান্ড কোলাবোরেটর অফ জাস্টিস স্কিমে যোগ দিতে পারেন। যেখানে আপনার পরিবারের জন্যও উপযুক্ত, সুরক্ষা ব্যবস্থা প্রযোজ্য হতে পারে। আপনি কি ধরনের ঝুঁকির মুখোমুখি হচ্ছেন তার উপর নির্ভর করে সুরক্ষা ব্যবস্থাগুলি নির্ধারণ করা হবে এবং নিরাপদ জায়গায় গমনের ক্ষেত্রে পরিচয় গোপন করে স্কর্টের মাধ্যমে পাহারা দেওয়া হবে।

## কোর্টের কার্যক্রম

আদালত যদি এটিকে সঠিক এবং ন্যায্য বলে মনে করেন তবে তা আপনাকে এমন আদেশ দিতে পারে যে স্বাক্ষ্য প্রদানের সময়ে বিবাদীর সাথে আপনার কোন চাক্ষুষ যোগাযোগ থাকবে না, নিম্নরূপ:

- বন্ধ দরজার পিছনে বা
- একটি বিশেষ শিল্ডিং স্ক্রীন স্থাপন করে, বা
- একটি একটি সিসিটিভি [ক্লোজড সার্কিট টিভি] ব্যবহার করে, বা
- অন্য কোন মাধ্যম বা সিস্টেম ব্যবহার করে।

## ফৌজদারী কার্যক্রম সম্পন্নকরন

পুলিশ আপনাকে ফৌজদারি কার্যধারার সমাপ্তির বিষয়ে অবহিত করবে এবং একটি পৃথক ঝুঁকি মূল্যায়ন করবে, যাতে স্বরাষ্ট্রমন্ত্রী জানতে পারেন যে আপনার দেশে প্রত্যাবর্তন করা বা আপনার সর্বোত্তম স্বার্থে সাইপ্রাসে থাকার জন্য আপনার পক্ষে নিরাপদ হবে কিনা।

### প্রত্যাবাসন

যদি আপনার প্রত্যাবাসনের জন্য সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে আপনাকে স্বেচ্ছায় এবং সহায়তামূলক প্রত্যাবাসনের একটি প্রোগ্রামে অন্তর্ভূক্ত করার প্রচেষ্টা করা হবে যাতে করে আপনাকে আপনার নিজ দেশে পুনরায় একীভূত করা যায়।

### মানবিক কারণে থাকা

যদি মনে করা হয় যে সাইপ্রাসে থাকা আপনার সর্বোত্তম স্বার্থে সেক্ষেত্রে অভ্যন্তরীণ মন্ত্রী আপনাকে মানবিক কারণে বসবাসের অনুমতির জন্য একটি আবেদন করার অধিকার প্রদান করবেন যা এক বছরের জন্য বৈধ হবে এবং প্রয়োজনে পুন:নবায়ন করা হবে।

মানবিক কারণে আপনার থাকার সময়, আপনাকে অবশ্যই কাজ খুঁজে বের করতে হবে এবং তারপর থেকেই সাইপ্রাসের যেকোনো তৃতীয়-দেশের নাগরিকের মতো আপনার উপর একই বাধ্যবাধকতা এবং অধিকার প্রযোজ্য হবে।

# গুরুত্বপূর্ণ বিষয়াদি:

## ক। আবাসনের অনুমোদন

আপনি যদি একজন পাচারের শিকার হিসাবে স্বীকৃত হয়ে থাকেন এবং আপনি যদি সন্দেহভাজনদের বিচারের জন্য পুলিশকে সহযোগিতা করার সিদ্ধান্ত নিয়ে থাকেন, তাহলে এই উদ্দেশ্যে জারি করা একটি পারমিট নিয়ে আপনার সাইপ্রাসে থাকার অধিকার রয়েছে। আপনার বসবাসের অনুমতি ফৌজদারি কার্যক্রম (তদন্ত, শুনানি এবং বিচার) শেষ না হওয়া পর্যন্ত বৈধ থাকবে, তারপরেই সাইপ্রাসে থাকা আপনার সর্বোত্তম স্বার্থে কিনা তা পুনরায় পরীক্ষা করা হবে।

সাইপ্রাসে থাকার জন্য আপনাকে যে আবাসনের অনুমতি দেওয়া হবে তা আপনাকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা, মনস্তাত্ত্বিক সহায়তা, আপনি কাজ করতে না পারলে আর্থিক সহায়তা, বাসস্থান, শ্রমবাজারে অবাধে প্রবেশাধিকার ইত্যাদির অধিকারও দেবে। (পার্ট- ১ দেখুন – অধিকার )

সাইপ্রাসে আপনার থাকাকালীন ,ফৌজদারি কার্যক্রমের উদ্দেশ্যে পুলিশ আপনার সাথে যোগাযোগ করতে পারে। এছাড়াও, আপনার যে কোন প্রয়োজনে সাহায্যের জন্য আপনি সমাজ কর্মীর সাথে যোগাযোগ করতে পারেন।

**আপনাকে বেসরকারি সংস্থাগুলিও সহায়তা করতে পারে। তাদের যোগাযোগের বিবরণ তৃতীয় অংশে তালিকাভুক্ত করা হয়েছে।**

## খ। চাকুরী/ কর্মমুখী প্রশিক্ষণ

ফৌজদারি মামলার সময়কালের জন্য আপনার বাসস্থান এবং কাজের অনুমতি নিয়ে সাইপ্রাসে থাকার অধিকার রয়েছে। আপনি যদি তৃতীয় দেশের নাগরিক হন, তাহলে আপনি শ্রমবাজারে সীমিত প্রবেশাধিকারের আওতাধীন নন; অন্য কথায়, আপনি অবাধে, বাধা ছাড়াই কাজ খুঁজে নিতে পারেন।

কাজ খুঁজে পেতে আপনাকে সাহায্য করার জন্য, সোশ্যাল ওয়ার্কার আপনাকে পাবলিক এমপ্লয়মেন্ট সার্ভিসে নিবন্ধন করার জন্য গাইড করবে, যেখানে আপনাকে প্রশিক্ষিত এবং যোগ্য এমপ্লয়মেন্ট কাউন্সেলরদের দ্বারা কাউন্সেলিং সহায়তা এবং বৃত্তিমূলক দিকনির্দেশনা দেওয়া হবে যাতে আলাদা আলাদা প্রক্রিয়ায় উপযুক্ত কাজ খুঁজে পাওয়া যায়।

পেশাগত এবং সামাজিক পুনর্বাসনের লক্ষ্যে আপনার পেশাগত দক্ষতা বাড়ানোর জন্য আপনি বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রোগ্রামে যোগদানের অধিকারী।

## গ। আর্থিক সহযোগিতা

মানব পাচারের শিকার হিসেবে আপনি যদি কাজ করতে অক্ষম হন এবং তা যদি প্রমাণিত হয় তবে সেক্ষেত্রে রাষ্ট্র আপনাকে প্রতিমাসে একটি ভাতা দিয়ে থাকবে, যা হচ্ছে গ্যারান্টিড ন্যূনতম আয় (GMI)। সোশ্যাল ওয়ার্কার আপনাকে পরামর্শ দেবেন যে, তা পেতে হলে কিভাবে আবেদন জমা দিতে হয়।

## ঘ। ক্ষয়-ক্ষতি – আইনী সহায়তা

শোষণের কারণে আপনি যদি শারীরিক ও মানসিকভাবে ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন তবে সেক্ষেত্রে আপনি আপনার শোষণের জন্য দায়ীদের বিরুদ্ধে আপনার পাওনা মজুরি বা অন্যান্য দায় দেনাসহ ক্ষতিপূরণ দাবি করতে পারেন। দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার জন্য আপনার কাছে যদি পর্যাপ্ত সংস্থান না থাকে তাহলে রাষ্ট্র আইনগত সহায়তা পদ্ধতির মাধ্যমে আইনজীবীর খরচ বহন করতে পারে। পুলিশ এবং সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস এই পদ্ধতিতে আপনাকে গাইড করবে।

ক্ষতির মূল্যায়ন করতে আদালত যা কিছু বিবেচনা করবে:

ক। শোষণের পরিমাণ এবং অপরাধী কর্তৃক প্রাপ্ত সুবিধাদি;
খ। আপনার ভবিষ্যত সম্ভাবনা এবং শোষনের মাধ্যমে তারা আপনাকে কতটা ক্ষতিগ্রস্ত করেছে;
গ। অপরাধীর দায়বদ্ধতার পরিমাণ;
ঘ। অপরাধীর সাথে সম্পর্ক বা তার কর্তৃত্বের অবস্থান বা আপনার প্রতি অপরাধীর প্রভাব।

তদুপরি যদি কোনও কারণে আপনার বিরুদ্ধে সংঘটিত অপরাধের জন্য অপরাধীদের দ্বারা আপনাকে ক্ষতিপূরণ দেওয়া না যায় তবে সেক্ষেত্রে ক্ষতিপূরণের বিষয়টি রাষ্ট্র বিবেচনা করতে পারে।

## ঙ। আন্তর্জাতিক সুরক্ষা/একই সাথে আশ্রয়প্রার্থী এবং মানব পাচারের স্বীকার হিসেবে আবেদন

মানব পাচারের কারণে যে কোনো (সম্ভাব্য) ভিকটিম পুরো প্রক্রিয়ার যে কোন পর্যায়ে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন জমা দেওয়ার অধিকার রাখেন। মানব পাচারের শিকার স্টেটাস এবং আশ্রয়প্রার্থী স্টেটাস একসাথে থাকতে পারে। এই ক্ষেত্রে মানব পাচারের শিকারদেরকে প্রাধান্য দেওয়া হয়ে থাকে। আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনপত্র যে কোনো থানায় এলিয়েন এবং ইমিগ্রেশন ইউনিট ডিস্ট্রিক্ট অফিস এবং পৌরনারা ফার্স্ট রিসেপশন সেন্টারে জমা দেওয়া যেতে পারে।

# পার্ট - ৩

## বেসরকারি সংস্থাসমূহের (এনজিও) ভূমিকার ব্যাপারে বিস্তারিত

এনজিওগুলি আপনার ভরণপোষণ এবং রাষ্ট্রীয় পরিষেবাগুলির সাথে আপনার সহযোগিতা সম্পর্কিত প্রতিটি বিষয়ে আপনাকে সহযোগিতা করতে প্রস্তুত। অসহায় মানুষদেরকে তারা মানবিক সাহায্য ও সহায়তা প্রদান করে। কিছু এনজিও মানব পাচার ও যৌন শোষণের শিকারদের আশ্রয়কেন্দ্র হিসেবে কাজ করে। অন্যান্য এনজিও আপনাকে থাকার ব্যবস্থা করতে পারে। এনজিওগুলো কী অফার করতে পারে তার উদাহরণ নিচে দেওয়া হল:

- উপযুক্ত বাসস্থান প্রদান করে/খুঁজে পেতে সাহায্য করা
- মনস্তাত্ত্বিক সহায়তা প্রদান করা
- ফৌজদারি কার্যক্রম গ্রহণে সহায়তা করা
- রাষ্ট্রীয় পরিষেবাগুলিতে পরিবহনের সময় সাথে থাকা
- আপনার অধিকার সম্পর্কে তথ্যের ব্যবস্থা করা
- আইনগত সহায়তা দেয়া
- আপনার প্রত্যাবাসনের জন্য সাহায্যও সহযোগিতা করা
- পারিবারিক পুনর্মিলনের জন্য সাহায্য ও সহযোগিতা করা
- কাজ খোঁজার ক্ষেত্রে সহায়তা করা

বেশিরভাগ এনজিও রাষ্ট্রীয় পরিষেবাগুলির সাথে ঘনিষ্ঠ সহযোগিতায় কাজ করে, উদাহরণস্বরূপ সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস অফিস অফ কমবেটিং ট্রাফিকিং ইন হিউম্যান বিয়িংস এবং সিভিল রেজিস্ট্রি এবং মাইগ্রেশন ডিপার্টমেন্ট এরং সেই পরিষেবাগুলিতে আবেদন করার প্রয়োজন হলে আপনাকে সাহায্য করতে পারে।

এনজিওগুলির একটি তালিকা এবং তাদের যোগাযোগের বিবরণ নীচের পার্ট-৪ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

# পার্ট – ৪

## যোগাযোগের তথ্যাদি

### ক। সংশ্লিষ্ট রাষ্ট্রীয় সার্ভিস সমূহ

| সার্ভিস | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| অফিস অব কমব্যাটিং ট্রাফিকিং ইন হিউম্যান বিংস | | ২২ ৮০৮ ০৬৩ / ০৬৪ / ০৮০<br>১৪৯৭<br>(২৪ ঘন্টা হেল্পলাইন) |
| ম্যানেজমেন্ট ইউনিট ফর ভিকটিমস্ অব হিউম্যান ট্রাফিকিং – সোস্যাল ওয়েলফের সার্ভিস | | ২২ ৭৭৪ ৪০৩/৪০৪/৪০৫<br>২৫ ৮১১ ৬৬২<br>VOHTSupport@sws.dmsw.gov.cy |
| ডিপার্টমেন্ট অব লেবর | 9, Klementos street, 1061 Nicosia | ২২৪০০৮০৩ |
| ওয়েলফেয়ার বেনিফিট ম্যানেজমেন্টসার্ভিস | 46, Themistokli Dervi street, 1066 Nicosia | ২২ ৮০৩ ০৩০ |
| পাবলিক এমপ্লয়মেন্ট সার্ভিস -নিকোশিয়া ডিস্ট্রিক্ট লেবর অফিস | 3, Mousiou street, Nicosia | ২২ ৪০৩ ০০০ |
| লিমাসল ডিস্ট্রিক্ট লেবর অফিস | 80, Franklin Roosevelt Avenue, Social Insurance Building, 2nd Floor, Limassol | ২৫ ৮২৭ ৩৫০ |
| লার্নাকা/ফামাগুস্টা ডিস্টিক্ট লেবর অফিস | Filios Tsigarides Street, Social Insurance Building Larnaka | ২৪ ৮০৫ ৩১২ |
| পাপোস ডিস্ট্রিক্ট লেবর অফিস | 54, Griva Digeni Avenue, 1096 Nicosia | ২৬ ৮২১ ৬৬৬ |
| ডিপার্টমেন্ট অব লেবর রিলেশনস্ | 54, Griva Digeni Avenue, 1096 Nicosia | ২২ ৮০৩ ১০০ |
| সিভিল রেজিস্ট্রি এন্ড মাইগ্রেশন ডিপার্টমেন্ট | Archbishop Makarios III Avenue, 90, 1077 Nicosia | ২২ ৩০৮ ৮০৮ / ৮১১ |

| সার্ভিস | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| লিমাসল মিউনিসিপালিটি<br>- সেন্টার ফর সাপোর্ট এন্ড রিইন্টিগ্রেশন | Domnitsas Lanitou Kavounidou, 3116 Limassol | ২৫৩৪৭৮৭৮ |
| - মাল্টিকালচারাল সেন্টার<br>- ঔরানিওটক্সো (দ্যা রেইনবো)<br>- ইন্টারকালচারাল সেন্টার | | ২২৭৯৭৮৪৪/ ৮৫৬ |
| নিকোসিয়া মিউনিসিপ্যালিটি | 40, Nikiforou Foka, Nicosia 1016 | ২২৭৯৭৮৫০/ ৮৬০ |

## খ। বেসরকারি সংস্থাসমূহ

## নিকোশিয়া

### ১। কারিটাস সাইপ্রাস

ঠিকানা: 8, Ayiou Marona, Flat 4, Paphos Gate, 1010 Nicosia
ফোন: +৩৫৭ ২২ ৬৬২ ৬০৬
administration@caritascyprus.org | www.caritascyprus.com

নিকোশিয়া, পাপোশ এবং লার্নাকা ভিত্তিক সংস্থা। এটা বস্তুগত সহায়তা যেমন খাদ্য, বস্ত্র, সুপারিশকৃত সেবা গ্রহণে সহযোগিতা করে থাকে (পরিবহন সুবিধাদি) এবং আশ্রয় প্রার্থনার ক্ষেত্রে পরামর্শ ও সহযোগিতা, রেফারেল কিংবা কারো বিরুদ্ধে মানব পাচারের অভিযোগ প্রক্রিয়াকরণে সহায়তা প্রদান করে।

### ১। সাইপ্রাস রেড ক্রস সোসাইটি

ঠিকানা: 3, Kypriakou Erythrou Stavrou, 2063 Strovolos
ফোন: +৩৫৭ ২২ ৫০৪ ৪০০
admin@redcross.org.cy | https://www.redcross.org.cy/

এটা মানবিক সাহায্য ও সহযোগিতা করে থাকে, এছাড়াও মনস্তাত্বিক সেবা এবং অসহায় অভিবাসীদের অন্যান্য সেবা দিয়ে থাকেন।

## ৩। সাইপ্রাস রিফিউজি কাউন্সিল

ঠিকানা: 9, Stasandrou street, 4th floor, 1060 Nicosia
ফোন: +৩৫৭ ২২ ২০৫ ৯৫৯/ +৩৫৭ ৯৯ ৬৬৮ ৭০৯/ +৩৫৭ ৯৭ ৭৬৭ ৩২৯
info@cyrefugeecouncil.org | https://www.cyrefugeecouncil.org/

এই সংস্থাটি টর্চার ভিকটিম ,বন্দী এবং মানব পাচার ও যৌন নিপীড়নের স্বীকারসহ অন্যান্য আশ্রয় পার্থীদেরকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করে থাকে। আইনী, মনস্তাত্বিক ও সামাজিক সহায়তা এবং সমাজে পুন:প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়তা প্রদান করা হয়।

## ৪। সাইপ্রাস স্টপ ট্রাফিকিং

ঠিকানা: পিও বক্স নং-২২৮৫০, ১৫২৪ নিকোশিয়া
ফোন: +৩৫৭ ২২ ৭৭১ ০৬৩, +৩৫৭ ৯৯ ৯৬২ ০২৮
Cyprus.stop.trafficking@gmail.com | aachristophidou@hotmail.com
www.cyprusstoptrafficking.com

মানবিক সংস্থা যা মানব পাচারের শিকারদেরকে সহযোগিতা করে থাকে এবং সামাজিক কল্যাণ সার্ভিস ও পুলিশের (মানব পাচার রোধ অফিস) সাথে যৌথভাবে সচেতনতামূলক কর্মসূচী পালন করে থাকে। বিশেষ কিছু ক্ষেত্রে, এটা ভিকটিমদেরকে বাসস্থান সুবিধাও দিয়ে থাকে।

## ৫। এ্যাসোসিয়েশন ফর দ্যা প্রিভেনশন এন্ড হ্যান্ডলিং অব ডমেস্টিক ভায়োলেন্স

ঠিকানা: পিও বক্স নং- ২০৪২২, ২১৫২ নিকোশিয়া সাইপ্রাস
ফোন: +৩৫৭ ২২ ৩৩৯ ০০১ । হেল্প লাইন ১৪৪০
info@domviolence.org.cy | https://domviolence.org.cy

গৃহ নৃশংসতা এবং যে কোন ধরনের নৃশংসতার ক্ষেত্রে কাউন্সেলিং করার লক্ষ্যে এখানে রয়েছে একটি হেল্প লাইন (১৪৪০)। এটা পরিবারকে মনস্তাত্বিক, সামাজিক এবং আইনি সহায়তা দিয়ে থাকে। এছাড়াও, ইহা পরিবারে নৃশংসতার শিকার নারীদেরকে আশ্রয় দিয়ে থাকে।

## ৬। ফ্যামিলি প্লানিং এ্যাসোসিয়েশন

ঠিকানা: 27, Ezekia Papaioannou, Nicosia
ফোন: +৩৫৭ ২২ ৭৫১ ০৯৩
info@cfpa.org.cy | www.familyplanning.org.cy

এই সংস্থাটি যৌন শিক্ষার উপর সেমিনার করে থাকে এবং কাউন্সিলিং দিয়ে থাকে (মনস্তাত্বিক্ সামাজিক, আইনী)

## লার্ণাকা

### ১। ওয়েসিস
ঠিকানা: 1, Archbishop Leontios, 6021 Larnaka
ফোন: +৩৫৭ ২৪ ০০২ ২৬৬ / +৩৫৭ ৯৯ ৭৯৭ ৪২৭
info@oasis.org.cy | https://www.oasis.org.cy/

ইহা লার্ণাকা এলাকায় আশ্রয় প্রার্থী ও উদ্বাস্তুদেরকে সহায়তা করে থাকে। এখানে ইংরেজী বিষয়ে কোর্স, সামাজিক অনুষ্ঠান যেখানে স্ন্যাক্স এবং গেমের ব্যবস্থা থাকে, এবং সাপ্তাহিক খাদ্য ও বস্ত্রের ব্যবস্থা করে থাকে। এছাড়াও, প্রয়োজন হলে এখানে গ্রীক অনুবাদ করে সহযোগিতা করা হয়।

## লিমাসল

### ১। এজিএপিআই
ঠিকানা: 10, Zenonos street, 3040 Limassol
ফোন: +৩৫৭ ২৫ ২১২ ২২১
agapi.cyprus@gmail.com | https://agapi.org.cy/

অলাভজনক সংস্থা যা প্রয়োজনে সকল ব্যক্তি-বর্গকেই সহযোগিতা করে থাকে। এর একটি কেন্দ্র আছে যেখানে মনস্তাত্বিক, আইনী এভং সামাজিক সহযোগিতা প্রদান করা হয়। এছাড়াও এখানে সেলাই, ভাষা, কম্পিউটার, কলা, কৌশলের উপর শিক্ষামূলক কার্যক্রম গ্রহণ করে থাকে। প্রয়োজনের ক্ষেত্রে ইহা গরিব পরিবারকে বস্তুগত সহযোগিতা যেমন কাপড়, কম্বল ইত্যাদি দান করে থাকে।

### ২। ওয়েল স্প্রিং এ্যাসোসিয়েশন
ঠিকানা: 339, St. Andrews, 3035 Limassol
ফোন: +৩৫৭ ২৫ ১০৫ ৮০২
info@wellspringcyprus.com | dropincentre@wellspringcyprus.com
https://www.wellspringcyprus.com/

এখানে মানব পাচার কিংবা অন্য যে কোন ধরনের নৃশংসতার শিকার ব্যক্তি-বর্গকে সহযোগিতা এবং অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা হয়।.

## গ। সাইপ্রাসে বিদেশী দূতাবাস এবং কনস্যুলেট সমূহ

| দেশ | ঠিকানা | টেলিফোন |
|---|---|---|
| বেলিজ | Ayiou Pavlou 15, 1105 Nicosia | ২২৫৫৬৬৭৭ |
| ব্রাজিল | Achaion 14, 1101 Engomi | ২২৫৯২৩০০ |
| বুলগেরিয়া | Constantinou Paleologou, Engomi | ২২৬৭২৪৮৬ |
| চীন | Archimidous 30, Engomi | ২২৩৫২১৮২/৩/৪ |
| কিউবা | Kratinou, 2040 Strovolos | ২২৭৬৯৭৪৩ |
| চেক রিপাবলিক | Kyriakou Matsi 18, Nicosia | ২২৪২১১১৮ |
| মিশর | Ayiou Prokopiou 14, 2406 Engomi | ২২৪৪৯০৫০/১ |
| জর্জিয়া | Vasilissis Amalias, 1101 Nicosia | ২২৩৫৭৩২৭ |
| গ্রীস | Lordou Vyronos, 1080 Nicosia | ২২৪৪৫১১১ |
| ভারত | Indira Gandhi 3, 2413 Nicosia | ২২৩৫১১৭০ |
| ইরান | Armenias 42, Strovolos | ২২৩১৪৪৫৯ |
| জর্দান | Eleonon 29, 2057 Strovolos | ২২০৪১৫৫৫ |
| লেবানন | Chiou, Ayios Dometios | ২২৮৭৮২৮২ |
| ফিলিপাইন | Georgiou Griva Digeni Ave., 36, Nicosia | ২২৬৮০৮০৬ |
| পোল্যান্ড | Kennendy Ave. 12/14, 1087 Nicosia | ২২৭৫৩৫১৭ |
| পর্তুগাল | Arch. Makarios III Ave. 9, 1065 Nicosia | ২২৩৭৫১৩১ |
| রোমানিয়া | Pireos, Strovolos | ২২৪৯৫৫৩৫ |
| রাশিয়া | Ayiou Prokopiou, Engomi | ২২৭৭৪৬২২ |
| সার্বিয়া | Vasilissis Olgas, Engomi | ২২৭৭৭৫১১ |
| স্লোভাকিয়া | Kalamatas 4, Strovolos | ২২৮৭৯৬৮১ |
| স্পেন | Nikolaou Katalanou 5, Engomi | ২২৪৫০৪১০ |
| সিরিয়া | Nikodimou Mylona 17, 1071 Nicosia | ২২৮১৭৩৩৩ |
| থাইল্যান্ড | Evagorou 40, Nicosia | ২২৬৭৪৯০০ |
| ইউক্রেন | Andrea Mishiaouli 10, 2415 Engomi | ২২৪৬৪৩৮৩ |
| ভেনিজুয়েলা | Zinonos Kitieos, Nicosia | ২২৪৪৫৩২২ |

# প্রশ্ন - উত্তর

## আমি কি মানব পাচার ও শোষণের শিকার?

নিচের কোন একটি প্রযোজ্য কিনা তা পরীক্ষা করুন:

- আপনাকে কি একটি নির্দিষ্ট ধরনের কাজের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে কিন্তু সম্পুর্ন ভিন্ন কিছু করতে বাধ্য করা হয়েছে?
- আপনাকে কি আপনার ব্যক্তিগত নথি জমা দিতে হয়েছে?
- আপনাকে কি আপনার কাজের জন্য প্রতিশ্রুত মজুরি দেওয়া হচ্ছে?
- আপনিসাথে কি খারাপ ব্যবহার করা হচ্ছে বা আপনি কি মানসিকভাবে সহিংসতার শিকার হচ্ছেন?
- কেউ কি আপনাকে স্বাধীনভাবে চলাফেরা করতে বাধা দিচ্ছে?
- আপনাকে কি জোর করা হয়েছে যেমন ভিক্ষা, চুরি বা নিজেকে পতিতাবৃত্তিতে নিজেকে
- নিয়োজিত করতে?
- কেউ কি আপনাকে বা আপনার পরিবারকে হুমকি দিচ্ছে?

**আপনি যদি মনে করেন যে উপরের কোন একটি ঘটনা ঘটছে,**
**তবে এখনই বিনামূল্যে কল করুন 1497**
**অথবা সমাজকল্যাণ পরিষেবার VOHTSupport@sws.dmsw.gov.cy**
**এ ইমেল পাঠান।**

## আমি এই দেশে একজন বিদেশী এবং আমি জানি না কোথায় পাওয়া যেতে পারে

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার জরুরী সাহায্যের প্রয়োজন, এখনই ১৪৯৭ এ কল করুন।

এই গাইডবুকের শেষে, আপনি রাষ্ট্রীয় পরিষেবা, এনজিও এবং সাইপ্রাসের বিদেশী দূতাবাস এবং কনস্যুলেটগুলির সাথে যোগাযোগের বিবরণ পাবেন, যেখানে আপনি সাহায্যের জন্য আবেদন করতে পারেন।

## তারা আমার ব্যক্তিগত নথি আটকে রেখেছে এবং আমি সেগুলি ফেরত পেতে পারি না

এটি জানাতে নিকটস্থ থানায় যোগাযোগ করুন। পুলিশ আপনাকে তা ফিরে পেতে সাহায্য করবে

## আমি কি আর্থিক সহায়তা পাওয়ার অধিকারী?

আপনি যদি মানব পাচারের শিকার হিসাবে স্বীকৃত হয়ে থাকেন এবং আপনি যদি কাজ করত্যো পারেন, তাহলে আপনার জন্য মাসিক ভাতা রয়েছে যা ভাড়া পরিশোধও কভার করবে। আপনার যদি অর্থের প্রয়োজন হয়, তাহলে আপনার মৌলিক চাহিদাগুলি পূরণের জন্য আপনাকে আর্থিক সহায়তা দেওয়া হবে।

### আমি কি কাজ

হ্যাঁ, আপনি যদি মানব পাচারের স্বীকার হিসেবে স্বীকৃতি লাভ করে থাকেন তবে আপনি কাজ করতে পারবেন।

### -এখানে আমার কোন থাকার জায়গা নেই

সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস আপনার বাসস্থানের ব্যবস্থা করবে।

### আমি অপরাধীদের ভয় পাই। আমি ভয় পাচ্ছি যে তারা আমাকে খুঁজে বের করবে এবং আমাকে কিংবা আমার পরিবারকে আঘাত করবে

আপনি পুলিশ সুরক্ষা পাওয়ার অধিকারী। যদি, আপনার নিজ দেশে, আপনার পরিবারও ঝুঁকির মধ্যে থাকে, তবে সেক্ষেত্রে রাজ্য পরিষেবাগুলি নিশ্চিত করবে যে তাদেরকেও যেন সাইপ্রাসে আনা হয় এবং তাদের সুরক্ষার জন্য একটি আবাসিক অনুমতি দেওয়া হবে।

### - ফৌজদারি কার্যধারা কতদিন স্থায়ী হয়?

কোন নির্দিষ্ট সময় সীমা নেই।

### - আমি কি ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী?

শোষণের কারণে আপনি যে শারীরিক এবং মানসিক ক্ষতির সম্মুখীন হয়েছেন তার জন্য আপনি আপনার শোষণের জন্য দায়ী অপরাধীদের কাছ থেকে ক্ষতিপূরণ দাবি করতে পারেন, যার মধ্যে আপনার নিয়োগকর্তার দ্বারা মজুরি বা অন্যান্য সুবিধাও রয়েছে। যদি আপনার কাছে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার আর্থিক উপায় না থাকে, তবে রাষ্ট্র আইনগত সহায়তা পদ্ধতির মাধ্যমে আইনজীবীর খরচ কভার করতে পারে। পুলিশ এবং সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস এই পদ্ধতিতে আপনাকে গাইড করবে। আদালত, ক্ষতির মূল্যায়ন করতে, যা বিবেচনা করবে:

ক শোষণের পরিমাণ এবং অপরাধী কর্তৃক প্রাপ্ত সুবিধাদি;

খ. আপনার ভবিষ্যত সম্ভাবনা এবং শোষনের মাধ্যমে তারা আপনাকে কতটা ক্ষতিগ্রস্ত করেছে;

গ. অপরাধীর দায়বদ্ধতার পরিমাণ;

অপরাধীর সাথে সম্পর্ক বা তার কর্তৃত্বের অবস্থান বা আপনার প্রতি অপরাধীর প্রভাব। তদুপরি, যদি কোনও কারণে আপনার বিরুদ্ধে সংঘটিত অপরাধের জন্য অপরাধীদের দ্বারা আপনাকে ক্ষতিপূরণ দেওয়া না যায় তবে সেক্ষেত্রে ক্ষতিপূরণের বিষয়টি রাষ্ট্র বিবেচনা করতে পারে।.

## - পাচারের শিকার হিসাবে আমার স্বীকৃতি লাভের বিষয়টি নিশ্চিত না হওয়া পর্যন্ত আমার কি কোনো অধিকার আছে?

- হ্যাঁ. প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কালের জন্য (দ্বিতীয় অংশ দেখুন) এবং পুলিশ দ্বারা আপনার মূল্যায়নের সময় আপনার নিম্নলিখিত অধিকার রয়েছে:

  রাষ্ট্র এবং অন্যান্য বেসরকারী সংস্থা দ্বারা সহযোগিতা প্রদান, উদাহরণস্বরূপ:
  - উপদেশমুলক নির্দেশিকা,
  - আপনার যদি কোন সম্পদ না থাকে তবে আর্থিক সহায়তা,
  - বিনামূল্যে জরুরী চিকিৎসা ও ফার্মাসিউটিক্যাল কেয়ার,
  - বিনামূল্যে জরুরী মানসিক সহায়তা,
  - ব্যাখ্যা এবং অনুবাদ,
  - প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কালকাল,
  - বিনামূল্যে আইনি বা অন্যান্য পরামর্শের ব্যবস্থা,
- প্রয়োজন ক্ষেত্রে পুলিশি সুরক্ষা,
- নির্বাসন থেকে সুরক্ষা,
- প্রয়োজন বোধে রাষ্ট্রীয় আশ্রয়ে থাকার ব্যবস্থা,
- অপ্রাপ্তবয়স্কদের জন্য, শিক্ষার সুযোগ,
- আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার অধিকার।

## পাচারের শিকার হিসাবে আমার স্বীকৃতি লাভের পর আমার কী অধিকার আছে?

আপনি যদি পুলিশ কর্তৃক মানব পাচারের শিকার হিসাবে স্বীকৃত হন, তবে সেক্ষেত্রে জাতীয়তা নির্বিশেষে আপনার পরিচয়পত্র থাকুক বা না থাকুক এবং আর্থিক সম্পদ নির্বিশেষে আপনি আপনার শারীরিক, মানসিক এবং সামাজিক পুনর্বাসন পাওয়ার অধিকারী।.

সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস উপযুক্ত সকল পরিষেবা এবং বেসরকারি সংস্থাগুলির কার্যক্রমের সমন্বয়ের মাধ্যমে আপনার সম্ভাব্য বিভিন্ন সমস্যার সমাধানে আপনাকে সহায়তা এবং পরামর্শ প্রদান করে থাকবে।

মানব পাচারের শিকার হিসেবে স্বীকৃত হলে, আপনার পেশাগত ও সামাজিক পুনর্বাসনের লক্ষ্যে বিনামূল্যে স্বাস্থ্য ও চিকিৎসা সেবা এবং মনস্তাত্ত্বিক সহায়তার পাশাপাশি শিক্ষা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচিতে আপনার প্রবেশাধিকার রয়েছে।

সামাজিক কল্যাণ পরিষেবাগুলির সাথে সংশ্লিষ্ট অন্যান্য পরিষেবাগুলি প্রথম বৈঠকে আপনার সাথে যেতে পারেন, যাতে করে আপনি পরিষেবাগুলির স্থান, পদ্ধতি এবং অফিসারদের সাথে পরিচিত হতে পারেন যাদের কাছে আপনার সহযোগিতা পাওয়ার কথা।

আর্থিক সাহায্যের জন্য কিভাবে আবেদন জমা দিতে হবে সে ব্যাপারেও আপনাকে পরামর্শ দেয়া হবে, যা মূলত: গ্যারান্টিড ন্যূনতম আয় (GMI) এর উপর ভিত্তি করে একটি ভাতা, এবং GMI ভাতার জন্য আপনার আবেদন পরীক্ষা না হওয়া পর্যন্ত আপনার মৌলিক চাহিদাগুলি পূরণার্থে আপনাকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

শেষ পর্যন্ত তারা আপনাকে আপনার সুরক্ষার জন্য থাকার জন্য একটি নিরাপদ জায়গা খুঁজে পেতে সহায়তা করবে।

## - যদি আমি মানব পাচারের শিকার হিসাবে স্বীকৃত না হই বা আমি প্রসিকিউটিং কর্তৃপক্ষকে সহযোগিতা করতে না চাই তবে কী হবে?

আপনি মানব পাচারের শিকার কিনা এবং আপনাকে প্রয়োজনীয় সুরক্ষা প্রদান করার বিষয়ে পুলিশ সিদ্ধান্ত নিতে, কর্তৃপক্ষকে প্রয়োজনীয় তথ্য দেওয়ার জন্য তাদের সহযোগিতা করা আপনার জন্য গুরুত্বপূর্ণ। অন্যথায়, কেউ জানবে না যে আপনি শিকার।

যদি শেষ পর্যন্ত আপনি মানব পাচারের শিকার হিসাবে স্বীকৃত না হন, তাহলে আপনাকে অবশ্যই জানতে হবে যে:

- আপনি যদি সাইপ্রাসে বৈধভাবে এসে থাকেন এবং এখানে আপনার থাকা বৈধ, আপনার বর্তমান আবাসিক অবস্থা প্রযোজ্যতা অব্যাহত থাকবে (যদি না আপনি এমন কোনো অপরাধ করেন যার ফলে আপনার আবাসিক পারমিট প্রত্যাহার করা হবে);
- যদি আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেন এবং আপনার আবেদন যদি উপযুক্ত পরিসেবার মাধ্যমে যাচাই করা হয় তবে তা সম্পন্ন না হওয়া পর্যন্ত আপনার থাকার অধিকার থাকবে;
- যদি ইতিমধ্যেই আপনার আন্তর্জাতিক সুরক্ষা স্ট্যাটাস থাকে, তবে আপনি থাকার অধিকার উপভোগ করতে থাকবেন;
- আপনি যদি সাইপ্রাসে বৈধভাবে না এসে থাকেন বা আপনার অবস্থান যদি বেআইন্নি হয় তাহলে আপনার নির্বাসন প্রক্রিয়া চলমান থাকবে। এছাড়াও আপনার নাম অবাঞ্চিতের তালিকায় অন্তর্ভক্ত করা হবে এবং এতে করে আপনি কয়েক বছর ধরে সাইপ্রাসে ফিরে আসতে পারবেন না;
- নির্দিষ্ট কিছু শর্তের উপর ভিত্তি করে আপনার বিষয়টি গুরুতর কিনা তা বিবেচনায় নিয়ে আপনাকে একটি অস্থায়ী বাসস্থান মঞ্জর করার করার বিষয়টি বিবেচনা পূর্বক আপনাকে মানবিক কারণে থাকার পারমিট চেয়ে আবেদন করতে বলা হতে পারে।

P.I.O. 113/2024-1.000-Bengali
ISBN 978-9963-50-668-8
Published by the Press and Information Office
Printed by the Government Printing Office